# প্রশিক্ষণ প্রতিবেদন

## মানব সম্পদ উন্নয়ন টিম (HRD)

## রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

| | |
|---|---|
| প্রশিক্ষণের শিরোনামঃ **Workplace Excellence & Safeguarding** | জানুয়ারী-এপ্রিল,২০২৬ইং |
| প্রশিক্ষণের ধরণঃ অনলাইন প্রশিক্ষণ | প্রশিক্ষণের স্থানঃ ভার্চুয়াল প্ল্যাটফর্ম |
| অংশগ্রহণকারীঃ ২০টি জোনের সকল স্টাফ | মোট অংশগ্রহণকারীঃ ২৪৭৬ জন |
| প্রশিক্ষণ সময়কালঃ ৪ ঘন্টা | মোট ব্যাচঃ ২০টি |

| প্রশিক্ষণ সহায়কঃ | পদবীঃ |
|---|---|
| • **Ms. Ruksana Begum** | **Sr. Manager & Safeguarding Focal Point -RIC** |
| • **Muhammand Nazmul Huda** | **Sr. Officer** |

দক্ষ, পেশাদার, নৈতিক এবং দায়িত্বশীল জনবল গড়ে তোলা প্রতিষ্ঠানের কার্যকারিতা ও সেবার মানোন্নয়নের অন্যতম পূর্বশর্ত। বিশেষ করে মাইক্রোফাইন্যান্স কর্মসূচীর মাঠপর্যায়ে কর্মরত স্টাফদের পেশাগত আচরণ, জবাবদিহিতা, নৈতিক মূল্যবোধ এবং Safeguarding-সংক্রান্ত জ্ঞান ও সচেতনতা একটি নিরাপদ, সম্মানজনক ও অন্তর্ভুক্তিমূলক কর্মপরিবেশ নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

এ প্রেক্ষাপটে, রিক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দিকনির্দেশনায় এবং মানব সম্পদ উন্নয়ন (এইচআরডি) টিম এর সার্বিক তত্ত্বাবধানে জোন পর্যায়ের সকল স্টাফের জন্য **Workplace Excellence and Safeguarding** বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়।

**প্রশিক্ষণের উদ্দেশ্যঃ**

**এই প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীরা সক্ষম হবেন–**

- Workplace Excellence এবং Safeguarding-এর মৌলিক ধারণা, নীতিমালা ও গুরুত্ব সঠিকভাবে ব্যাখ্যা করতে।
- কর্মক্ষেত্রে প্রযোজ্য Code of Conduct এবং Safeguarding-সংক্রান্ত ন্যূনতম ৫টি গুরুত্বপূর্ণ দায়িত্ব ও প্রত্যাশিত আচরণ চিহ্নিত ও অনুসরণ করতে।
- যৌন শোষণ, নির্যাতন, হয়রানি, বৈষম্য এবং অন্যান্য অনুপযুক্ত আচরণের ঝুঁকি শনাক্ত করে প্রতিরোধমূলক পদক্ষেপ গ্রহণ এবং প্রয়োজনীয় রিপোর্টিং প্রক্রিয়া অনুসরণ করতে।
- মাঠপর্যায়ে দায়িত্ব পালনের সময় পেশাদারিত্ব, জবাবদিহিতা, সম্মানজনক আচরণ এবং নৈতিক মূল্যবোধ বাস্তব কাজে প্রয়োগ করতে।
- প্রশিক্ষণ-পরবর্তী কর্মপরিকল্পনা অনুযায়ী নিজ নিজ কর্মস্থলে নিরাপদ, সম্মানজনক ও অন্তর্ভুক্তিমূলক কর্মপরিবেশ বজায় রাখতে সক্রিয় ভূমিকা পালন করতে।

**প্রশিক্ষণের বিষয়বস্তুঃ**

- সংস্থা পরিচিতি
- সংস্থার মূল্যবোধ এবং সংস্কৃতি
- প্রাতিষ্ঠানিক শিষ্ঠাচার
- কর্মক্ষেত্রে গ্রহণযোগ্য ও অগ্রহণযোগ্য আচরণসমূহ
- সংস্থার সুরক্ষা বা সেফগার্ডিং কাঠামো (শিশু, প্রাপ্তবয়স্ক গ্রাহক/উপকারভোগী, স্টাফ)
- সেফগার্ডিং সম্পর্কিত গুরুত্বপূর্ন পরিভাষাসমূহ
- সংস্থার সেফগার্ডিং সম্পর্কিত নীতিমালাসমূহ
- যৌন শোষন, নির্যাতন ও যৌন হয়রাণী সম্পর্কিত বিস্তারিত
- সেফগার্ডিং এর ঝুঁকি মূল্যায়ণ এবং প্রতিরোধ ব্যবস্থা
- সেফগার্ডিং রিপোর্টিং সিস্টেম
- অভিযোগ ব্যবস্থাপনা

**প্রশিক্ষণ পদ্ধতি: প্রশিক্ষণটি অংশগ্রহণমূলক পদ্ধতিতে পরিচালিত হয়। এতে ব্যবহৃত হয়-**

- প্রেজেন্টেশন,ভিডিও
- বাস্তব অভিজ্ঞতা শেয়ারিং
- কেস স্টাডি আলোচনা
- প্রশ্নোত্তর পর্ব

**অংশগ্রহণকারীদের সম্পৃক্ততা:**
২০টি জোনের সকল স্টাফ অত্যন্ত অংশগ্রহনমূলক ও সতস্ফূর্ততার সাথে প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারীরা প্রাসঙ্গিক বিভিন্ন বাস্তব অভিজ্ঞতা, চ্যালেঞ্জ এবং কর্মক্ষেত্রভিত্তিক সমস্যা নিয়ে আলোচনা করেন, যা প্রশিক্ষণকে আরও কার্যকর ও বাস্তবমুখী করে তোলে।

**প্রশিক্ষণের অর্জন (Achievements):**
প্রশিক্ষণের মাধ্যমে নিম্নোক্ত অর্জনসমূহ লক্ষ্য করা যায়ঃ

- প্রাতিষ্ঠানিক শিষ্ঠাচার বিষয়ে সচেতনতা বৃদ্ধি পেয়েছে
- সংস্থার মূল্যবোধ এবং সংস্কৃতি চর্চার গুরুত্ব আরও সুদৃঢ় হয়েছে
- স্টাফদের মধ্যে Workplace Excellence বিষয়ে সচেতনতা বৃদ্ধি পেয়েছে
- Safeguarding নীতিমালা সম্পর্কে পরিষ্কার ধারণা তৈরি হয়েছে
- যৌন হয়রানী বা নির্যাতনের ইস্যুতে নিজেদের দায়িত্ব এবং রিপোর্টিং সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পেয়েছে
- কর্মক্ষেত্রে করণীয় এবং বর্জনীয় বিষয়গুলো সম্পর্কে সুস্পষ্ট ধারণা তৈরি হয়েছে
- নিরাপদ ও সম্মানজনক কর্মপরিবেশ নিশ্চিতকরণে ইতিবাচক মনোভাব সৃষ্টি হয়েছে
- প্রতিষ্ঠানের আচরণবিধি অনুসরণে স্টাফদের অঙ্গীকার আরও শক্তিশালী হয়েছে
- পেশাগত আচরণ ও জবাবদিহিতার গুরুত্ব আরও সুদৃঢ় হয়েছে
- ইতিবাচক কর্মপরিবেশ তৈরির ইতিবাচক মনোভাব সৃষ্টি হয়েছে

**চ্যালেঞ্জ ও পর্যবেক্ষণ:**

প্রশিক্ষণ চলাকালে কিছু ক্ষেত্রে ইন্টারনেট সংযোগজনিত সীমাবদ্ধতা দেখা গেলেও সামগ্রিকভাবে প্রশিক্ষণ কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়। অংশগ্রহণকারীদের সক্রিয়তা ও আগ্রহ প্রশিক্ষণের কার্যকারিতা বৃদ্ধি করেছে।

**সুপারিশ:**
ভবিষ্যতে প্রশিক্ষণের কার্যকারিতা আরও বৃদ্ধি করার জন্য নিম্নোক্ত সুপারিশ প্রদান করা হলোঃ

- জোন পর্যায়ে সচেতনতামূলক কার্যক্রম বৃদ্ধি করা
- Safeguarding বিষয়ক মনিটরিং ও ফলোআপ জোরদার করা
- নিয়মিত রিফ্রেশার প্রশিক্ষণের আয়োজন করা
- অনলাইন প্রশিক্ষণের পাশাপাশি সরাসরি প্রশিক্ষণের আয়োজন করা
- IEC ম্যাটেরিয়াল তৈরী

**উপসংহার:**
**Workplace Excellence & Safeguarding** বিষয়ক এই অনলাইন প্রশিক্ষণ কর্মসূচি রিক-এর জোন পর্যায়ের স্টাফদের দক্ষতা, সচেতনতা ও পেশাগত মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। প্রশিক্ষণের মাধ্যমে অংশগ্রহণকারীরা একটি নিরাপদ, দায়িত্বশীল ও ইতিবাচক কর্মপরিবেশ গড়ে তোলার বিষয়ে আরও সচেতন ও প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন। ভবিষ্যতেও এ ধরনের প্রশিক্ষণ কার্যক্রম প্রতিষ্ঠানটির সাংগঠনিক উন্নয়ন ও সেবার মান বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

# Snapshots from the Training Session
















